

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



শিক্ষার্থী ভর্তি বিষয়ে পুনর্ভাবনা

প্রিয় নিউ ইয়র্কবাসী:

আমি আজ আমাদের মিডল্ এবং হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় কিছু উন্নতি আনার বিষয়টি আপনাদের সাথে আনন্দের সাথে শেয়ার করছি। চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন শুরু করার পর থেকে এটি ছিল আমার জন্য একটি অগ্রাধিকারপ্রাপ্ত বিষয় এবং আমি নিশ্চিত করতে চাই যে, কোথায় এই আবেদন প্রক্রিয়ার সর্বাধিক উন্নতি করা প্রয়োজন সেবিষয়ে আমাদের কমিউনিটির কাছ থেকে প্রথমে আমরা শুনেছি। আমাদের অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট গত বসন্তে একটি ভর্তি বিষয়ে মতামত গ্রহণের ট্যুরের আয়োজন করেছিল, এতে অন্তর্ভুক্ত হয়েছে পিতামাতা, শিক্ষার্থী, স্কুল নেতৃত্ব, কর্মী, এবং কমিউনিটি গ্রুপের সাথে 30টিরও বেশী মিটিং।

আমরা তারপর এসব মতামতের ভিত্তিতে উন্নতি সাধনে মনোনিবেশ করেছি।

আমি আশা করছি আপনার জন্য এসব পরিবর্তন সহায়ক এবং সাড়াданকারী হবে। প্রতিস্থাপিত অগ্রাধিকারগুলো হচ্ছে:

- পরিবারদের জন্য তাদের পছন্দের স্কুলগুলোতে আবেদনের প্রক্রিয়াটি সহজতর করা।

- প্রক্রিয়াটি আগে থেকেই শুরু করা এবং পরিবারদের নিশ্চিত করা যে তাদের চাহিদা মোতাবেক পর্যাপ্ত সময় এবং তথ্যও রয়েছে।
- যেসব শিক্ষার্থী তাদের শিক্ষা জীবনে ক্লাসরুমে ভাল ফলাফল অর্জন করেছে, তাদের নিশ্চিত করা যে যেসব অ্যাকাডেমিকভাবে ত্বরান্বিত হাই স্কুলে ভর্তিতে বাছাই বা স্ক্রিনিং আছে, সেগুলোতে তাদের অগ্রাধিকার থাকবে, যেন তারা হাই স্কুল শিক্ষার্থী হিসেবে তাদের সফলতা অর্জন করতে পারে। আমরা ভর্তি প্রক্রিয়ার এই অংশের মাধ্যমে তাদেরকে অ্যাকাডেমিক শ্রেষ্ঠত্বে পুরস্কৃত করতে চাই।

আমি সকল পরিবার, শিক্ষাবিদ, কমিউনিটি সদস্য - যারা তাদের মতামত শেয়ার করেছেন এবং এই নতুন ধারার প্রক্রিয়ায় রূপদানে সহায়তা করেছেন, তাদের কাছে কৃতজ্ঞ। NYC পাবলিক স্কুলসমূহে আস্থা গড়ার জন্য আমাদের চারটি স্তরের মধ্যে একটি হলো “আমাদের প্রকৃত অংশীদার হিসেবে পরিবারদের সংশ্লিষ্ট করা,” এবং ঐ স্তরটি এই পরিকল্পনারই ভিত্তি। আমরা শোনা এবং সংশ্লিষ্ট হওয়া অব্যাহত রাখবো এবং পরিবারদের জন্য আমাদের স্কুল সম্পর্কিত তথ্য লাভ সহজতর করতে আমরা কাজ করে যাবো।

সত্যি কথা হচ্ছে, আমাদের সিটি জুড়ে শত শত উচ্চ-কার্যসম্পাদনার, উচ্চ-চাহিদার স্কুল রয়েছে যেগুলিকে নিয়ে হাই স্কুলের জন্য বাছাইকৃত ভর্তি বিষয়ক বিতর্কে পর্যাপ্ত আলাপ-আলোচনা হয় না। আমরা হাই স্কুলগুলির পূর্ণ পরিসর সম্পর্কে আরও কথা বলতে চাই যেগুলি আমাদের পরিবারকে পরিষেবা দিচ্ছে এবং অবহেলিত স্কুলগুলোর গল্প বলায় সহায়তা করতে চাই যারা মহৎ কাজের মাধ্যমে পরিবার এবং শিক্ষার্থীদের সাথে সংযোগ ঘটাবে। আমি শিক্ষা বছরব্যাপী ঐ কাজটি আপনার সাথে করার প্রত্যাশায় আছি। শুরু করতে, [এখানে স্কুলগুলির একটি তালিকা দেয়া হলো](#) -- উভয় বাছাইকৃত এবং অবাছাইকৃত--যা শুধু এক টুকরো বৈচিত্র্যময়, উচ্চ-মান সম্পন্ন শিক্ষা বিষয়ক পরিবেশের প্রতিনিধিত্ব করে এবং নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য লভ্য। যদিও বিশদ নয়, তবুও আমরা আশা করছি, প্রতিটি কমিউনিটিতে কিশোর-কিশোরীদের জন্য যে চমৎকার সব বিকল্প রয়েছে এই তালিকাটি সেটাই উপস্থাপন করছে।

আমরা প্রতিটি নেইবারহুডে আরও উচ্চ-মান সম্পন্ন, উচ্চ-চাহিদাযুক্ত প্রোগ্রাম তৈরিতেও মনোনিবেশ করছি। এবং আজ, আমরা ঘোষণা দিয়েছি যে, আমরা তিনটি নতুন ত্বরান্বিত-শিক্ষণ (অ্যাক্সিলারেটেড লার্নিং), যাচাইকারক (স্ক্রিনিং) হাই স্কুল চালু করছি। ওগুলি পরবর্তী দুই বছরের মধ্যে চালু হবে, সিটির তিনটি অপরিষেবিত অংশে: সাউথ ব্রংক্স, ব্রুকলিনের ব্রাউন্সভিল/ইস্ট নিউ ইয়র্ক, সাউদইস্ট কুইন্স। এই নতুন স্কুলগুলি সম্পর্কে আমরা আগামী দুই সপ্তাহে আরও বিস্তারিত তথ্য শেয়ার করবো।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলির অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ। একযোগে, আমরা আমাদের স্কুলগুলিকে আপনার সন্তানের জন্য আপনার আশা আকাঙ্ক্ষার সাড়া দানকারী এবং প্রতিফলন করে তুলতে পারি। এটা ঐ পথেরই একটি পদক্ষেপ এবং এই ভবিষ্যত যাত্রার প্রতি আমরা উদ্বীপ্ত।

উচ্চ প্রত্যাশাসহ,
ডেভিড (David)